

স্বামী যদি স্ত্রীর পরকিয়ার কথা জানতে পারে তাহলে দুজনের মাঝে তালাক হয়ে যাবে?

প্রশ্ন:

কোন স্বামী যদি তার স্ত্রীর পরকিয়ার কথা জানতে পারে এবং স্ত্রীকে বুঝিয়ে শুনিয়ে সব ঘটনা জানতে চায় আর তার স্ত্রীও সব কিছু বলে দেয়, সে কী কী করছে, তাহলে সব কিছু জানার পর কি তাদের দুজনের মাঝে তালাক হয়ে যাবে? তারা যদি একসাথে থাকে, তাহলে তাদের ব্যাপারে শরীয়তের হুকুম কী হবে, আর শাস্তির বিধানটাইবা কী হবে। এখন স্বামীর কী করণীয়? দয়া করে জানেবেন।

সাইফুল্লাহ

উত্তর:

ওয়ালাইকুমুস সালাম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবাহাকাতুহ

কারো স্ত্রী এমন করে থাকলে তিনি অনেক বড় অন্যায় করেছেন। তাকে এসব অন্যায় কর্ম থেকে ফিরে এসে খাঁটি দিল থেকে আল্লাহর কাছে তওবা করতে হবে। তবে এতে তালাক হবে না এবং তাদের বিয়েও ভাঙ্গবে না। স্বামীর দায়িত্ব, তাকে বুঝিয়ে শুনিয়ে অন্যায়ের পথ থেকে রিবত রাখা, প্রয়োজনে শরীয়তের সীমা রেখার ভিতরে থেকে শাসন করা।

আর শাস্তির বিষয়টির সঙ্গে তিনি কতটুকু অপরাধ করেছেন, তার সাক্ষী বা স্বীকারোক্তি কি আছে এবং বিচার কার্য আঞ্জাম দেয়ার কর্তৃপক্ষ কে, এরকম অনেকগুলো বিষয় সম্পৃক্ত। এগুলো সম্পর্কে পরিষ্কার নির্দেশনা পাওয়ার জন্য আপনাকে সরাসরি সাক্ষাতে কোনো বিজ্ঞ আলোমের শরণাপন্ন হতে হবে।

فقط. والله تعالى اعلم بالصواب

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি
১২ই জুন, ২০২০ ইংরেজি

